ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩২৭৩
আগরতলা, ১৬ অক্টোবর, ২০২৫

## আগামীকাল থেকে রাজ্যভিত্তিক ইএমআরএস সাংস্কৃতিক, সাহিত্য ও কলা উৎসব শুরু

আগামীকাল থেকে দু'দিনব্যাপী ষষ্ঠ রাজ্যভিত্তিক ইএমআরএস সাংস্কৃতিক ও সাহিত্য এবং কলা উৎসব শুরু হবে। আগরতলা টাউন হলে এ উৎসবের উদ্বোধন করবেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা। অনুষ্ঠানে ত্রিপুরা ট্রাইবেল ওয়েলফেয়ার রেসিডেন্সিয়াল এডুকেশনাল ইনস্টিটিউশনস সোসাইটির অধীন রাজ্যের ১২টি একলব্য মডেল রেসিডেন্সিয়াল বিদ্যালয়ের প্রায় ৪০০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করবে। এই সাংস্কৃতিক উৎসবে জনজাতি এবং লোক ঐতিহ্যের বিভিন্ন পরিবেশনা থাকবে। অনুষ্ঠানে একক এবং সমবেত নৃত্য, গান, যন্ত্র সংগীত এবং হিন্দি ও ইংরেজীতে জনজাতি লোক কাহিনীর উপর ভিত্তি করে গল্প বলার প্রতিযোগিতা থাকবে। এছাড়াও হিন্দি এবং ইংরেজীতে তাৎক্ষণিক বক্তৃতা, স্পেল বী, বিতর্ক এবং ক্যুইজ প্রতিযোগিতা থাকবে। প্রতিযোগিতার প্রথম স্থানাধিকারীরা আগামী নভেম্বর মাসে কেন্দ্রীয় সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রণালয়ের ন্যাশনাল এডুকেশনাল সোসাইটি ফর ট্রাইবেল স্টুডেন্টস দ্বারা আয়োজিত ষষ্ঠ ইএমআরএস জাতীয় সাংস্কৃতিক ও সাহিত্য কলা উৎসব ও সমৃদ্ধি অনুষ্ঠানে অংশগ্রহণ করবে। ইএমআরএস সাংস্কৃতিক ও সাহিত্য উৎসব একলব্য মডেল আবাসিক স্কুলের শিক্ষার্থীদের তাদের বৈচিত্রময় প্রতিভা এবং ত্রিপুরার সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য জাতীয় পর্যায়ে প্রদর্শনের জন্য একটি প্রাণবন্ত প্ল্যাটফর্ম প্রদান করে। এই অনুষ্ঠান বিভিন্ন অঞ্চলের জনজাতি শিক্ষার্থীদের মধ্যে জাতীয় সংহতি এবং সাংস্কৃতিক বিনিময়কে উৎসাহিত করবে। জনজাতি কল্যাণ দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

******